## Phone call between Prime Minister Shri Narendra Modi and H.E. Ibrahim Mohamed Solih, President of the Republic of Maldives

July 14, 2021

## প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং মালদ্বীপের রাষ্ট্রপতি ইব্রাহিম মোহামেদ সোলিহ-র মধ্যে টেলিফোনে কথা

জুলাই 14,2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং মালদ্বীপের রাষ্ট্রপতি ইব্রাহিম মোহামেদ সোলিহ-আজ টেলিফোনে কথা বলেছেন।

রাষ্ট্রপতি সোলিহ প্রধানমন্ত্রী মোদীকে কোভিড মহামারীর বিরুদ্ধে লড়াইয়ে ভারতের সহযোগিতা এবং সাহায্যের জন্য ধন্যবাদ জানিয়েছেন। মালদ্বীপে যেসব উন্নয়নমূলক প্রকল্পগুলি ভারতের সহায়তায় বাস্তবায়িত হচ্ছে উভয় নেতা সেগুলির পর্যালোচনা করেন এবং কোভিড মহামারী সত্ত্বেও যে গতিতে প্রকল্পগুলি রূপায়িত হচ্ছে তার জন্য তাঁরা সন্তোষ প্রকাশ করেছেন। ভারতের 'প্রতিবেশী প্রথম' নীতির অন্যতম স্তম্ভ মালদ্বীপ বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এই দেশ সংশ্লিষ্ট অঞ্চলে সকলের নিরাপত্তা এবং উন্নয়নের জন্য সামুদ্রিক জোট 'সাগরের' গুরুত্বপূর্ণ অংশীদারও।

রাষ্ট্রসংঘ সাধারণ পরিষদের সভাপতি হিসেবে মালদ্বীপের বিদেশমন্ত্রী আবদুল্লা শাহিদ নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী রাষ্ট্রপতি সোলিহকে অভিনন্দন জানান। দুটি দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের সার্বিক পর্যালোচনা করার সুযোগ এই টেলিফোনে কথাবার্তা বলার মাধ্যমে তৈরি হয়েছে। এর ফলে দুই দেশের মধ্যে যে সহযোগিতার সম্পর্ক রয়েছে তা আরও শক্তিশালী হল।

নিউ দিল্লি

জুলাই 14,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.